

# সংবাদ

## বেসরকারি মাধ্যমিক শিক্ষকদের নতুন স্কেলে অন্তর্ভুক্তির দাবি

নিজস্ব বার্তা পরিবেশক

বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের নতুন স্কেলে অন্তর্ভুক্তির দাবি জানিয়েছেন শিক্ষক সমিতির নেতারা।

গতকাল সংগঠনের এক বিবৃতিতে এ দাবি জানানো হয়। এর আগে সংগঠনের এক জরুরি সভায় এ সিদ্ধান্ত হয়। সংগঠনের সভাপতি সৈয়দ জুলফিকার আলম চৌধুরীর সভাপতিত্বে সমিতির নিজস্ব কার্যালয়ে (৬০-লক্ষ্মীবাজার) অনুষ্ঠিত হয়।

সভায় সমিতির মহাসচিব ইয়াদ আলী খান বলেন, বর্তমান শিক্ষাব্যবস্থায় সরকার বিগত সময়ে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের নতুন স্কেল ও মহার্ঘ্য ভাতা প্রদানের সময় বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদেরও নতুন স্কেলে অন্তর্ভুক্ত করেছিল। এরই ধারাবাহিকতায় এবারও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের ১ জুলাই থেকে নতুন স্কেলে অন্তর্ভুক্ত করবেন ও টাইম স্কেল চালু রাখবেন। বিবৃতিতে বলা হয়, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা অবসর সুবিধা

বোর্ডে তাদের অবসরকালীন ভাতা পাওয়ার জন্য আবেদন করে, ৪ থেকে ৫ বছরের আগে তারা ভাতা পাচ্ছেন না। শিক্ষকরা যাতে দ্রুত তাদের অবসর ভাতা পায় সেজন্য তিনি অবসর সুবিধা তহবিলে পর্যাপ্ত অর্থ বরাদ্দের জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

সভায় আরও বক্তব্য রাখেন মমতাজ খানম, শাহাবুজ্জামান আলী, আবদুর রহমান, ফজলুর রহমান, আবদুল কুদ্দুস, শরিফুল আলম, বাবু হরেন্দ্র নাথ মজুমদার, মোহাম্মদ উল্লাহ উইয়া, আ. আউয়াল মোল্লা ও দেলোয়ার হোসেন প্রমুখ।